



# পেশেন্ট অ্যাডভাইস অ্যান্ড লিয়াঁসো সার্ভিস-এর (রোগীর পরামর্শ এবং লিয়াঁসো পরিষেবা) তথ্যপত্র

## পিএলএস কী?

পেশেন্ট অ্যাডভাইস অ্যাণ্ড লিয়াঁসো সার্ভিস (পিএলএস) হল একটি পরিষেবা যা রোগীদের তাদের স্থানীয় স্বাস্থ্য পরিষেবাগুলির বিষয়ে মতামত দিতে সক্ষম করার জন্য এনএইচএস তৈরি করেছে।

## আমি পিএলএস-কে যোগাযোগ করতে পারেন যদি আপনি এগুলি চান:

- স্থানীয় স্বাস্থ্য পরিষেবাগুলির বিষয়ে তথ্য এবং পরামর্শ।
- কোনও স্থানীয় স্বাস্থ্য পরিষেবার বিষয়ে কোন সমস্যা বা উদ্বেগের বিষয়ে জানানো।
- এনএইচএস-এর বাইরে প্রাসঙ্গিক সংস্থার বিষয়ে তথ্য (এনএইচএস কমপ্লেইন্টস অ্যাডভোকেসি সার্ভিসেস সহ)।

## তাহলে পিএলএস কী করে?

- পিএলএস রোগীদের সমস্যা ও উদ্বেগগুলি তাড়াতাড়ি ও স্থানীয়ভাবে মেটাতে সাহায্য করে।
- রোগীদের তথ্য প্রদান করে যাতে তারা তাদের স্বাস্থ্য পরিষেবা থেকে সেবা পান।
- রোগীদের দেওয়া তথ্য জ্যেষ্ঠ ম্যানেজারদের জানান, যা স্বাস্থ্য পরিষেবার গুণমানে উন্নতি আনতে সাহায্য করতে পারে।

## পিএলএস আর এনএইচএস কমপ্লেইন্টস অ্যাডভোকেসি সার্ভিসেস-এর মধ্যে তফাত কী?

### পিএলএস

- কর্মীরা এনএইচএস-এ চাকরিরত।
- কোনও বিশেষ এনএইচএস ট্রাস্ট-এর বিষয়ে উদ্বেগগুলি এর আওতায় থাকে।
- আপনার উদ্বেগগুলির স্থানীয় সমাধান পেতে আপনার সহায়তা করবে।

### এনএইচএস কমপ্লেইন্টস অ্যাডভোকেসি

- স্বতন্ত্র প্রতিষ্ঠান, তাই তার এনএইচএস-কে জবাবদিহি করতে হয় না।
- আপনার উদ্বেগগুলির বিষয়ে জানাতে আপনার সহায়তা করবে।
- এনএইচএস পরিষেবা এবং এনএইচএস-এর বিনিয়োগ করা স্বাস্থ্যসেবার বিষয়ে উদ্বেগগুলি এর আওতাভুক্ত।
- সমগ্র অভিযোগের প্রক্রিয়ায় আপনার সহায়তা করবে।

পিএলএস আর এনএইচএস কমপ্লেইন্টস অ্যাডভোকেসি সার্ভিসেস একসাথে ঘনিষ্ঠভাবে কাজ করে একটি অভিযোগের তাড়াতাড়ি এবং আপনার জন্য সন্তোষজনক সুরাহা করতে। আপনি কোন পরিষেবাটি ব্যবহার করবেন তা সব সময়ে আপনি বেছে নিতে পারবেন।

পিএলএস আর এনএইচএস কমপ্লেইন্টস অ্যাডভোকেসি সার্ভিসেস আপনাকে পরস্পরের কাছে প্রেরণ করবে যদি এটা যথাযথ বলে মনে হয় যে আপনার অন্য পরিষেবাটি ব্যবহার করা উচিত এবং যদি রোগী এই পদক্ষেপটিতে সম্মতি দেন।